দৈনিক সংবাদ

তারিখ ... 17 NOV 199[illegible] ...
পৃষ্ঠা ষ ... কলাম ... ৫ ...

হয়েছে।

# জগন্নাথ কলেজে নৈশ শাখায় ভর্তি ফরম বিতরণ শুরু কাল

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী ১৮ই নভেম্বর হতে সরকারি জগন্নাথ কলেজে (নৈশ শাখা '৯৭-৯৮ শিক্ষাবর্ষে) স্নাতকোত্তর ১ম পর্বের ভর্তির ফরম বিতরণ ও গ্রহণ করা শুরু হবে। চলবে ২৪শে নভেম্বর পর্যন্ত। প্রতিদিন বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত ৪টি অনুষদের ২০টি বিভাগ থেকে একযোগে ফরম বিতরণ ও গ্রহণ করা শুরু হবে।

প্রতিটি ভর্তি ফরমের মূল্য ১শ' টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ভর্তির ন্যূনতম যোগ্যতা ৬ পয়েন্ট থাকতে হবে।

সূত্র জানায়, ভর্তির অনিয়ম বন্ধ করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিশেষ অনুমোদন নিয়ে জগন্নাথ কলেজ কর্তৃপক্ষ ১শ' নম্বরের লিখিত ভর্তি পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের ১০% যোগ করে মেধা তালিকা নির্ণয় করা হবে। কোড নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষার খাতা দেখা হবে।